বেনাপোল পৌরসভা

বেনাপোল, যশোর।
www.benapolepaurashava.com
Email:benapolepourasava@lgd.gov.bd

স্মারক নং-বেনা/পৌর/প্রশা/ইজারা/২০২৫/৩৫ তারিখ ঃ ১১/০২/২০২৫ খ্রিঃ।

দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যশোর জেলাধীন বেনাপোল পৌরসভার নিম্ন তফশিল বর্ণিত হাট-বাজার, ট্রাক-টার্মিনাল, বাস-টার্মিনাল ও বেনাপোল পৌর রেন্ট-এ কার স্ট্যান্ড বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্তে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র ফরম দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বদিন পর্যন্ত (বন্ধের দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসক, যশোর, উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, সহকারী কমিশনার (ভূমি), শার্শা, বেনাপোল পোর্ট থানা (পুলিশ ষ্টেশন), সোনালী ব্যাংক, শার্শা উপজেলা শাখা ও বেনাপোল পৌরসভা কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। দরপত্র নির্ধারিত তারিখে সকাল ১০.০০ টা হতে বেলা ১-০০ টা পর্যন্ত জেলা প্রশাসক, যশোর, উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, সহকারী কমিশনার (ভূমি), শার্শা ও বেনাপোল পৌরসভা কার্যালয়ে রক্ষিত টেন্ডার বক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ০৩-০০ টায় উপস্থিত দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) বেনাপোল পৌরসভা কার্যালয়ে খোলা হবে। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রশাসক, বেনাপোল পৌরসভার অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% (শতকরা পঁচিশ ভাগ) অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% (শতকরা পাঁচ ভাগ) অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। যার দরপত্র গৃহীত হবে তাকে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ পৌরসভার রাজস্ব তহবিলে এবং মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% (শতকরা দশ ভাগ) আয়কর এবং ১৫% (শতকরা পনের ভাগ) ভ্যাট চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিতে হবে। ১ম পর্যায়ের টেন্ডারে দাখিলকৃত কোন দরপত্র অনুমোদিত হলে ২য় পর্যায়ে সংশ্লিষ্ট ইজারা প্রকল্পের নাম বাদ যাবে, ২য় পর্যায়ের টেন্ডারে অনুমোদিত হলে ৩য় পর্যায়ে সংশ্লিষ্ট ইজারা প্রকল্পের নাম বাদ যাবে এবং ৩য় পর্যায়ে অনুমোদিত হলে ৪র্থ পর্যায়ে সংশ্লিষ্ট ইজারা প্রকল্পের নাম বাদ দেয়া হয়েছে বলে গণ্য করতে হবে। এজন্য আলাদাভাবে কোন বিজ্ঞপ্তি জারী করা হবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। টেন্ডার সংক্রান্ত বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে বেনাপোল পৌরসভা অফিস হতে জানা যাবে এবং বেনাপোল পৌরসভার www.benapolepaurashava.com ওয়েব সাইটে দেখা যাবে।

তফসিল

বাংলা ১৪৩২ সনে বেনাপোল পৌরসভাধীন হাট-বাজার, ট্রাক-টার্মিনাল, বাস-টার্মিনাল ও বেনাপোল পৌর রেন্ট-এ কার স্ট্যান্ড দরপত্র দাখিলের সময়সূচি

ক্রঃ	ইজারা প্রকল্পের নাম	কাঙ্খিত সরকারী মূল্য	সিডিউলের মূল্য	দরপত্র দাখিলের তারিখ			
				১য় পর্যায়	২য় পর্যায়	৩য় পর্যায়	৪র্থ পর্যায়
১	হাট-বাজার (বেনাপোল বাজার)	১৮,৪৩,০৫৮/-	৪,৪০০/-	০৩মার্চ,২০২৫	১০মার্চ,২০২৫	১৭ মার্চ,২০২৫	২৪ মার্চ,২০২৫
২	বেনাপোল পৌর ট্রাক টার্মিনাল (র‌্যাম্প, জলাশয় ও ট্রাক টার্মিনাল এরিয়ার মধ্যে অবশিষ্ট সকল কৃষি জমিসহ)	৭৫,৩২,৮২০/-	১৫,৮০০/-				
৩	বেনাপোল পৌর বাস টার্মিনাল (র‌্যাম্প ও ভবনের টয়লেটসহ)	১১,৫০,৬৩০/-	৩,০০০/-				
৪	বেনাপোল পৌর রেন্ট-এ কার স্ট্যান্ড	৫,০০,০০০/-	১,৬০০/-				

(কাজী নাজিব হাসান)
প্রশাসক
বেনাপোল পৌরসভা, যশোর।

নিচের অংশটুকু পত্রিকায় প্রকাশের জন্য নয়

ঃ শর্তাবলী ঃ

০১। বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদকালের জন্য ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রশাসক, বেনাপোল পৌরসভার অনুকুলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% (শতকরা পঁচিশ ভাগ) অর্থ ইজারা মুল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% (শতকরা পাঁচ ভাগ) অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত উহা নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে তাকে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ পৌরসভার রাজস্ব তহবিলে এবং মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% (শতকরা দশ ভাগ) আয়কর এবং ১৫% (শতকরা পনের ভাগ) ভ্যাট চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিতে হবে। অন্যথায় জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। তবে উক্ত দর যদি তফশিলে বর্ণিত কাঙ্খিত সরকারী মুল্যের চেয়ে কম হয় তাহলে পুণরায় দরপত্র আহবান করা হবে।

০৫। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক ইজারা প্রকল্পের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য ইজারা প্রকল্পের আহবানকৃত দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা, প্রাপকের নাম ও ইজারা প্রকল্পের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করবেন। পৌরসভা কর্তৃক অনুমোদিত রশিদে ইজারাদার টোল আদায় করবেন।

০৮। হাট-বাজার, ট্রাক-টার্মিনাল, বাস-টার্মিনাল ও বেনাপোল পৌর রেন্ট-এ কার স্ট্যান্ড প্রতিটির জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকেদরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার, ট্রাক-টার্মিনাল, বাস-টার্মিনাল ও বেনাপোল পৌর রেন্ট-এ কার স্ট্যান্ড সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরুপ কোন কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্বান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার, ট্রাক-টার্মিনাল, বাস-টার্মিনাল ও বেনাপোল পৌর রেন্ট-এ কার স্ট্যান্ড পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষন করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।

১৬। ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। ইজারা প্রকল্পের বিদুৎ বিল, পানির বিল বা অনান্য ইউটিলিটি চার্জ (যদি থাকে) নির্ধারিত সময়ের মধ্যে ইজারাদারকে পরিশোধ করতে হবে।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২০। বেনাপোল পৌর রেন্ট-এ কার স্ট্যান্ডের জায়গা পৌর বাস টার্মিনাল ভবনের পূর্বপার্শ্বে।

(মোঃ কাজী নাজিব হাসান)
প্রশাসক
বেনাপোল পৌরসভা, যশোর।

স্মারক নং-বেনা/পৌর/প্রশা/ইজারা/২০২৫/ তারিখ ঃ ১২/০২/২০২৫ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩। জেলা প্রশাসক, যশোর।
৪। পুলিশ সুপার, যশোর।

অবগতি ও বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

৫। প্রশাসক .... পৌরসভা (সকল), জেলা- যশোর।
৬। উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর।
৭। সহকারী কমিশনার (ভূমি), শার্শা, যশোর।
৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, বেনাপোল পৌরসভা, যশোর।
৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শার্শা, যশোর।
১০। উপজেলা প্রকৌশলী, শার্শা, যশোর।
১১। ম্যানেজার, সোনালী ব্যাংক, শার্শা উপজেলা শাখা, শার্শা, যশোর।
১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, শার্শা থানা/বেনাপোল পোর্ট থানা, যশোর
১৩। সাব-রেজিষ্টার, শার্শা, যশোর।
১৪। পৌর নির্বাহী কর্মকর্তা, বেনাপোল পৌরসভা, যশোর।
১৫। নির্বাহী প্রকৌশলী, বেনাপোল পৌরসভা, যশোর।
১৬। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), শার্শা উপজেলা, যশোর।
১৭। পোস্ট মাষ্টার, বেনাপোল পোস্ট অফিস, বেনাপোল, যশোর।
১৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, বেনাপোল ইউনিয়ন ভূমি অফিস, বেনাপোল, যশোর।
১৯। সম্পাদক, দৈনিক যশোর, যশোর /দৈনিক বাংলাদেশ প্রতিদিন,প্লট নং-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকা । উপরে বর্ণিত বিজ্ঞপ্তিটি অংশটুকু তাঁর পত্রিকার ভিতরের পাতায় ০৩ কলাম ০৮ ইঞ্চি পরিসরে একদিন (১২/০২/২০২৫ ইং) তারিখের মধ্যে প্রকাশের জন্য অনুরোধ করা হলো। বিজ্ঞপ্তি প্রকাশের দিন পত্রিকার ০২ (দুই) কপি সৌজন্য কপি অত্র অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
২০। জনাব ....পিতা ....
গ্রাম .... উপজেলা- শার্শা, জেলা- যশোর ও প্রাক্তন ইজারাদার/ডাকে অংশগ্রহণকারী।
২১। সভাপতি/সম্পাদক বেনাপোল হাট বাজার কমিটি।
২২। অফিস কপি।

(মোঃ কাজী নাজিব হাসান)
প্রশাসক
বেনাপোল পৌরসভা, যশোর।